# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২৬ ● পঞ্চম শ্রেণি ● প্রথম পত্র ● সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ ● বিষয় ঃ (বাংলা, ইংরাজী) ● পূর্ণমান - ৫০

ছাত্রের নাম ঃ ____________________

বাবার নাম ঃ ____________________

রোল নং ঃ ____________________

| বিষয় | প্রাপ্তমান |
|---|---|
| বাংলা | |
| ইংরাজী | |
| মোট | |

## বাংলা ঃ - ২৫

১) **নিচের প্রশ্নগুলোর উত্তর পূর্ণবাক্যে দাও ঃ** ১x৫ =৫

ক) 'এই খবরটা বাঙালির মনে সেদিন এক বিপুল উদ্দীপনা ও উৎসাহের সৃষ্টি করেছিল।' - লেখক এখানে কোন্ বিশেষ খবরের কথা বলেছেন?

খ 'অবিশ্রান্ত বৃষ্টি আর হাওয়ার দমকে আমার শরীরে এবার 'ঠান্ডার কাঁপুনি ধরল' - এই অবস্থা থেকে নিজেকে বাঁচাতে লেখক কী করলেন?

গ) 'আমি যখন হাতে মেখে কালি/ঘরে ফিরি, সাড়ে চারটে বাজে'- কবি এই সময় ফুলবাগানে কী দেখতে পান?

ঘ) 'শুনে জ্যোতির বড়ো মায়া হলো। - কী শুনে জ্যোতির মায়া হয়েছিল?

ঙ) কবিকে কর্মী হওয়ার এবং নিজের কাজে কঠোর হওয়ার শিক্ষা দিয়েছে কারা?

২) **"তোমরা 'মানুষ' হলে, দেশের কল্যাণ।"** - দেশের কল্যাণের জন্য কবি কেমন ধরনের ছেলে চান, যারা প্রকৃত 'মানুষ' হয়ে উঠবে? ৪

৩) **নিচের অনুচ্ছেদটি পড়ো এবং প্রশ্নগুলির উত্তর পূর্ণবাক্যে দাও ঃ** ১X৪ = ৪

স্বামীজীর পরিব্রাজক জীবনের ঘটনা। বরাণসীধামে এসেছেন স্বামীজী। একদিন দুর্গামন্দির থেকে ফিরছেন, এমনসময় একপাল বানর স্বামীজীর পিছু নিল। স্বামীজী দৌড়তে লাগলেন, বানরগুলোও পেছনে ছুটল। এমন সময় একজন বৃদ্ধ সন্ন্যাসী স্বামীজীকে বললেন - 'থামো, জানোয়ারগুলোর মুখোমুখি রুখে দাঁড়াও।' স্বামীজী সাহসভরে ফিরে দাঁড়ালেন - বানররা প্রথমে থমকে দাঁড়াল, তারপর ছুটে পালাল। এই ঘটনা থেকে স্বামীজী জীবনের একটা মহৎ শিক্ষা পেলেন- বিঘ্ন কিংবা বিপদ দেখে কখনও পালিয়ে যেতে নেই; নির্ভয়ে তার মুখোমুখি দাঁড়াতে হয়। পরবর্তী জীবনে নিউইয়র্কে একটি বক্তৃতার সময় স্বামীজী এই ঘটনার উল্লেখ করে বলেছিলেন - 'এই হল সারা জীবনের জন্য একটি শিক্ষা।'

ক) কখন এবং কেন স্বামীজী দৌড়তে শুরু করেছিলেন?

খ) বৃদ্ধ সন্ন্যাসী স্বামীজীকে কী করতে বললেন?

গ) স্বামীজী সাহসিতার সঙ্গে ফিরে দাঁড়াতে কী ঘটল?

ঘ) নিউইয়র্কের বক্তৃতায় স্বামীজী জীবনের কোন্ মহৎ শিক্ষার উল্লেখ করেছেন?

৪) ক) অমল কমলকে বইখানি পড়তে দিয়েছিল। - এই বাক্যের 'কর্ম'-গুলি চিহ্নিত করে তাদের শ্রেণিবিভাগ কর। $\frac{১}{২}+\frac{১}{২}=১$

খ) জাহাজে চেপে যাত্রা শুরু করলেন ক্যাপ্টেন স্কট। - এই বাক্যের 'উদ্দেশ্য অংশটি' সম্প্রসারণ করে বাক্যটি লেখো। ১

গ) **পদ পরিবর্তন কর ঃ** সংগ্রহ ____________, উক্তি ____________। $\frac{১}{২}+\frac{১}{২}=১$

ঘ) **ধ্বন্যাত্মক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো ঃ** $\frac{১}{২}+\frac{১}{২}=১$

এখানে চারিদিকে মাছি ________ করছে। একটু ________ করে হেঁটে জায়গাটা পেরিয়ে যাই চলো।

ঙ) **শব্দগুলির অর্থ লেখো ঃ** রসদ ____________, ১x২ = ২

কুটুম ____________।

৫। পূর্ণবাক্যে প্রশ্নদুটির উত্তর দাও ঃ ১x৩ = ৩

ক) ' বন্দে মাতরম' - গানটি কোন্ বাঙালি সাহিত্যিকের লেখা কোন্ গ্রন্থে আছে?

খ) শ্রীমা সারদাদেবী বাংলার কোন্ জেলার কোন্ গ্রামে জন্মগ্রহণ করেছিলেন?

গ) টীকা লেখো - শারদীয়া দুর্গাপূজায় -'সন্ধিপূজা'

৬) প্রতি বছর দুর্গাপূজার বিজয়াদশমীর দিন তোমার মনে কেমন অনুভূতি হয়, তোমার বাড়িতে কী হয় এবং তুমি কী কী কর - সবকিছু গুছিয়ে ৮ থেকে ১০টি বাক্যের মধ্যে লেখো। 8

## ENGLISH - Full Marks : 25

**1. Read the passage below and answer the following questions:**

After a while, Lipi hears someone calling her name. It is Sujoy, her classmate. He has come to the fair with his father. He is elated to see Lipi. He buys a doll from Mansur uncle's shop. He also buys the mask of a tiger from Lipi's father. Lipi looks around the fair. She sees the huge merry- go-round. People riding it are shouting in joy. Close by it, a puppet show is about to start. Lipi looks at food stalls a little farther from their shop. "Father, I want to have alu kabli and jilabis," she says.

**A. Write 'T' for the 'True' and 'F' for the 'False' statements :-** 1 X 2 =2

a) Sujoy feels sad to see Lipi. ☐

b) Near the merry-go-round, the puppet show will start soon. ☐

**B. Complete the following sentences with correct information from the passage :-** 1 X 3 =3

a) From Lipi's father Sujoy ............................

b) People who are riding the merry-go-round ............................

c) From the food stalls Lipi ............................

**C. Answer the following questions in complete sentence :-** 1 X 3 =3

a) With whom has Sujay come to the fair?

b) Where from does Sujay buy a doll?

c) Where are the food stalls in the fair?

**2. Answer the following questions in complete sentence :-** 1 X 3 = 3

a) Which month comes in between August and October ?

b) What do you do after your school breaks?

c) Which subject do we study to know about the kings and wars?

3. **A) Rewrite the sentence using Present Perfect Tense :-** 1

He takes tiffin at 9 a.m.

**B) Rewrite the sentence using plural numbers :-** 1

My friend come to meet me.

**C) Correct the errors in the sentence and rewrite it :-** 2

Languages has different name but its purposes is the same.

**D) Make a sentence with the word :** 1

earthen -

**E) Put articles / prepositions in the gaps :-** 1

Motiganj team was close ------------ victory. I was -------------- only member still playing.

4. **a) Translate into English :-** 1 X 2 =2

**a)** আমি এই বিদ্যালয়ে পড়তে চাই -

**b)** ছেলেটা এখানে দাঁড়িয়ে আছে কেন ?

**b) Translate into Bengali :-** 1 X 2 =2

a) It has been raining for sometime

b) Jhinuk lives with her mother in Alipurduar.

5. **Write 5 (Five) sentences about a place you visited a few days ago.** **4**
**Use following hints :-**

the place ---- who were with you ----------- how was the place ----------- how you liked it.

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২৬ ● পঞ্চম শ্রেণি ● দ্বিতীয় পত্র ● সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ ● বিষয় ঃ (গণিত, আমাদের পরিবেশ) ● পূর্ণমান - ৫০

ছাত্রের নাম ঃ ______________________

বাবার নাম ঃ ______________________

রোল নং ঃ ______________________

| বিষয় | প্রাপ্তমান |
|---|---|
| গণিত | |
| আমাদের পরিবেশ | |
| মোট | |

## গণিত ঃ পূর্ণমান - ৪০

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও- ১x৬=৬

ক) শূন্যস্থান পূরণ করো-

০·০০৬ [ ] ০·০৬ (> বা < )

খ) একটি নিরেট অর্ধগোলকের কয়টি তল আছে? [ ]

গ) শূন্যস্থান পূরণ করো-

বৃত্তের ______________ বলে অর্ধবৃত্ত।

ঘ) ২০টাকা – ১৫·৫০ টাকার বিয়োগফল কত? [ ]

ঙ) ৬·০৩ টাকা = কত টাকা কত পয়সা? [ ]

চ) ৪ মিটার বর্গের ক্ষেত্রফল কত? [ ]

২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও - ১+১=২

ক) রেখা কাকে বলে? রেখা কয় মাত্রিক?

খ) ১২৩১০০ ÷ ২৩ এই ভাগ অঙ্কে ভাজ্য, ভাজক, ভাগফল এবং ভাগশেষ কত নির্ণয় করো। ২

গ) তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাকে স্থানীয় মানে বিস্তার করো। ২

ঘ) সঠিক উত্তরটি নির্বাচন করো - ১+১=২

i) ১০ ও ১৫-এর একটি সাধারণ গুণিতক হল - অ) ৩০ আ) ১৫ ই) ১০ ঈ) ৫

ii) একমাত্র মৌলিক জোড় সংখ্যাটি হল - অ) ২ আ) ১ ই) ৩ ঈ) ৪

ঙ) i) পর পর দুটি মৌলিক সংখ্যার গ.সা.গু. কত? ১+১=২

ii) কোন ঘনবস্তুর পার্শ্বতলগুলি ত্রিভুজাকার?

চ) ১৩ ও ১৫-এর বর্গের সমষ্টি কত? ২

ছ) ১ থেকে ২০- এর মধ্যে মৌলিক সংখ্যা ৮ টি - সত্য না মিথ্যা ? ২

৩) দুটি সংখ্যার যোগফল ২৪২০ এবং তাদের বিয়োগফল ১২২৪ হলে, সংখ্যা দুটি কি কি? ৩

৪) একটি চৌবাচ্চায় অংশ $\frac{২}{১৫}$ অংশ জল ছিল। রাম চৌবাচ্চায় $\frac{৩}{২০}$ অংশ জল ঢালল ও তার ভাই $\frac{৩}{১২}$ অংশ জল ঢালল। এখন চৌবাচ্চায় কত অংশ জল হল? চৌবাচ্চাটির কত অংশ খালি রইল? ৩

৫) মীরা ১০টি লজেন্স কিনতে ৫ টাকা দিয়েছিল। মীরা ৪টি লজেন্স কিনলে কত পয়সা দিত? ৩

৬) ৪ সেমি ব্যাসার্ধের বৃত্ত এঁকে কেন্দ্র, ব্যাসার্দ্ধ এবং জ্যা চিহ্নিত করো। ৩

৭) আমি ফুলের দোকানে ১০.৫০ টাকা, মিষ্টির দোকানে ৫০ টাকা ৫০ পয়সা ও বই-এর দোকানে ১১০.৫০ টাকা দিলাম। এখন আমার কাছে ২০ টাকা আছে। প্রথমে আমার কাছে কত টাকা ছিল? ৩

৮) ৫ জন লোক ৪ দিনে গ্রামের পুকুর পরিষ্কার করার কাজ নিয়েছে। ১ জন লোক ঐ পুকুর পরিষ্কারের কাজ কত দিনে করবে? ২

৯) একটি আয়তাকার মাঠের পরিসীমা ২৫৬ মিটার এবং দৈর্ঘ্য ৭৪ মিটার। ওই মাঠটির ক্ষেত্রফল কত? ৩

# বিষয় ঃ আমাদের পরিবেশ - ১০

**১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও-** ১x৫=৫

ক) কোন প্রাণীর চোখের পাতা নেই? ____________________

খ) পৃথিবীর তাপশক্তির মূল উৎস কী? ____________________

গ) মেঘের জমাট বাঁধতে কিসের প্রয়োজন? ____________________

ঘ) মানুষের হৃৎপিন্ডে —— জোড়া কুঠুরি আছে। ____________________

ঙ) কোন পাথর থেকে অ্যালুমিনিয়াম পাওয়া যায়? ____________________

**২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও -** ১x৫=৫

ক) মেলানিন কী?

খ) জীবদেহের একক হল কোশ - ঠিক না ভুল?

গ) জীবদেহের কনুই থেকে কবজি পর্যন্ত থাকে - ক) হিউমেরাস খ) রেডিয়াস ও আলনা গ) ফিমার ঘ) ফিবুলা

ঘ) —————— মাধ্যমে দেহ থেকে লবণ ও বর্জ্য নির্গত হয়? (শূন্যস্থান পূরণ করো)

ঙ) 'মন্দির, মসজিদ, তীর্থে - ভগবান নেই , ভগবান থাকেন মানুষের মধ্যেই' - এটি কার বাণী?

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

## ভিত্তি সমীক্ষা পত্র - ২০২৫ • পঞ্চম শ্রেণি • সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ

## দ্বিতীয় পত্র, বিষয় ঃ (গণিত, আমাদের পরিবেশ) পূর্ণমান - ৫০

## গণিত ঃ - ৩৫

**১। নীচের প্রশ্নগুলির উত্তর দাও -** ১ × ৬ = ৬

ক) ১৬ মিনিটে ১৬ সেকেন্ড কতবার আছে?

খ) ৪০ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলির যোগফল কত?

গ) দুই সমকোণের সমান কোণকে কী কোন বলে?

ঘ) একটি লুড়োর ছক্কার শীর্ষবিন্দুর সংখ্যা ও তলের সংখ্যার সমষ্টি কত?

ঙ) ৩ লিটারের $\frac{১}{৪}$ অংশ = কত সেন্টিলিটার?

চ) ১৩-এর পূরণবাচক সংখাটি ————

**২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও -**

ক) ৬ থেকে কত বিয়োগ করলে বিয়োগফল ৫ $\frac{৩}{১১}$ কত হবে? ২

খ) ৮,০,৪,৩ অঙ্কগুলো দিয়ে গঠিত চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটিতে ৩ এর স্থানীয় মান কত? ২

গ) i) ফুটবলের তলের সংখ্যা ——— ii) ৫টি সংখ্যার গড় ——— হলে ওদের সমষ্টি ৬৫ হবে? ১+১

ঘ) ২ দ্বারা বিভাজ্যতার শর্ত কী? ২

ঙ) গুণিতকের সংখ্যা ——— ১

৩। ক) স্বাধীনতা দিবসের দিন পাড়ায় ২১২৮ জন অনুষ্ঠানে এসেছে। তাদের মধ্যে ৯৩১ জন বড়ো এবং বাকিরা শিশু। প্রতিটি শিশুকে ৪টি করে লজেন্স দিলে মোট কতগুলি লজেন্স লাগবে? ২

খ) সরল করো ঃ ৪৬-{১৪৪ ÷ ১২- (১৩-১৫+৭) × ২}×২৩ ৩

গ) সমান মাপের পাঁচটি বস্তায় মোট ৪৫ কিগ্রা চাল আছে। ২১৬ কিগ্রা চাল রাখতে এরূপ কয়টি বস্তার দরকার? ৩

ঘ) i) যে ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য সমান তাকে ——— ত্রিভুজ বলে। ১+১+১

ii) অর্দ্ধেক লেবুর ———— টি তল।

iii) একটি সামতলিক ক্ষেত্রকে ঘিরতে কমপক্ষে ———— টি সরলরেখার প্রয়োজন।

ঙ) ১২ জন লোক ১৫ দিনে একটি বাঁধ নির্মাণ করতে পারে। ১০ দিনে ওই বাঁধটি তৈরী করতে হলে, কতজন লোক লাগাতে হবে? ৩

চ) একটি বর্গাকার বাগানের প্রতিটি ধারের দৈর্ঘ্য ১০ মিটার। বাগানের চারপাশে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাসহ বাগানটি বেড়া দিয়ে ঘিরতে কত মিটার বেড়ার প্রয়োজন? ৩

ছ) ৩টি ৫০ টাকার নোটের পরিবর্তে কটি ৫ টাকার কয়েন দিলে সমপরিমাণ অর্থ হবে? ৩

## আমাদের পরিবেশ ঃ পূর্ণমান- ১৫

**১। নীচের প্রশ্নলির উত্তর দাও -** ১ × ৫ = ৫

ক) থার্মোমিটারের মধ্যে চকচকে পদার্থ কী? খ) গাছের ফুল ধারণ করার প্রধান উদ্দেশ্য কী? গ) রক্তে অক্সিজেন বহন করে কে?

ঘ) মানবদেহের বুক ওঠা- নামা করে কিসের জন্য? ঙ) শরীরের জীবাণু ধ্বংস করে কোন কণিকা?

**২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও -** ১ × ৫ = ৫

ক) হিমালয়ের বিশেষ কোন চুড়াটি পশ্চিমবঙ্গ থেকে দেখা যায়? খ) কোলাঘাট কোথায় কীজন্য বিখ্যাত?

গ) দাক্ষিণাত্যেকোথায় চায়ের চাষ হয়? ঘ) কীরকম মাটিতে ধান ভালো হয়? ঙ) গম বীজ বোনা হয় কোন মাসে?

**৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও -** ১ × ৫ = ৫

ক) ত্রিপিটক কী? খ) অজন্তার গুহাচিত্র তৈরী হয়েছিল কোন্ যুগে? গ) বেদব্যাসের লেখা মহাকাব্যের নাম কী?

ঘ) বাবর কাকে হারিয়ে দিল্লী দখল করেন? ঙ) জৈনধর্মের মূলকথা কী?

**মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম ভিত্তি সমীক্ষা পত্র - ২০২৫ ● পঞ্চম শ্রেণি ● সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ প্রথম পত্র, বিষয় ঃ (বাংলা, ইংরাজী) পূর্ণমান - ৫০**

## বাংলা ঃ - ২৫

**১) পূর্ণবাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ** ১X ৫ = ৫

ক) ‘চারপাশে মোর গাঙচিলেরা করবে এসে ভিড়’ - তারা ভিড় করে এসে কী করবে? খ ‘তাই দিয়ে গোলা-গুলি বানিয়ে ভীষণ যুদ্ধ শুরু হলো’- কী দিয়ে সেসব বানানো হল? গ) ‘‘বলেন পোলাপান লইয়্যা খাইও তুমি বাড়িতে গিয়া’’। - হোসেনমামা খাওয়ার জন্য নৌকোতে কী কী তুলে দিয়েছিলেন? ঘ) ‘বিচিত্র সাধ’- রবীন্দ্রনাথ ঠাকুরের এই কবিতাটি তাঁর লেখা কোন্ বই থেকে নেওয়া হয়েছে? ঙ) ‘এমন সময় তার কানে এল- এক দারুণ হই-হল্লা’- কখন জ্যোতির কানে এইরকম শব্দ এল?

**২) ‘আমার সুখ তো অশেষ চলতে পাওয়া।’** ১+৩ = ৪

কোন্ কবির লেখা কোন্ কবিতার পঙ্‌ক্তি এটি? কী কীভাবে কবি খুশি আর সুখ পেতে চান?

**৩) নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর পূর্ণবাক্যে দাও ঃ** ১X৪ = ৪

মঠে দুর্গাপূজা। আজ দেবীর বোধন। শ্রীশ্রীমা আজ বিকালে মঠে আসবেন। সন্ধ্যা সমাগত। মায়ের আসতে বিলম্ব দেখে পূজনীয় বাবুরাম মহারাজ ছুটাছুটি করছেন। মঠের প্রবেশদ্বারে মঙ্গলঘট ও কলাগাছ-স্থাপন হয়নি দেখে তিনি বলে উঠলেন, এসব এখনও হয়নি, মা আসবেন কি?’ দেবীর বোধন শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই শ্রীশ্রীমায়ের গাড়ি মঠে পৌঁছল। গোলাপ-মা মাকে হাত ধরে গাড়ি হতে নামাচ্ছেন। নামার পরই সমস্ত দেখে মা বলছেন,‘সব ফিটফাট, আমরা যেন সেজেগুজে মা-দুর্গাঠাকরুণ এলুম।’


ক) বাবুরাম মহারাজের ছোটাছুটি করার কারণ কী? খ) মঠের প্রবেশদ্বারে কী করার কথা ছিল?
গ) শ্রীশ্রীমা কখন মঠে এসে পৌঁছালেন? ঘ) চারপাশের ব্যবস্থাপনা দেখে শ্রীমা কী বলেছিলেন?

৪) **নিচের বিষয়টি সম্পর্কে ১০টি বাক্যের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর ঃ** একটি ভ্রমণের অভিজ্ঞতা ৫

৫) **ক) i) সন্ধি যুক্ত করে লেখ ঃ** স্ব + ঈর **ii) সন্ধি বিচ্ছেদ কর ঃ** পিত্রাদেশ - $\frac{১}{২}+\frac{১}{২}$ = ১

খ) ‘ল’-কে আমরা পার্শ্বিক ধ্বনি বলতে পারি কেন? ১

গ) নির্দেশ অনুযায়ী কর্তা, গৌণকর্ম বসিয়ে বাক্যটি সম্পূর্ণ কর ঃ $\frac{১}{২}+\frac{১}{২}$ = ১




ঘ) নিচের বাক্যটির বিধেয় অংশ সম্প্রসারণ করে লেখ- মৌসম চিঠি লিখছে। ১

ঙ) পদ পরিবর্তন কর ঃ **i)** আক্রমণ - **ii)** উপস্থিত- $\frac{১}{২}+\frac{১}{২}$ = ১

৬। **পূর্ণবাক্যে উত্তর দাও ঃ** ক) ‘পরিব্রাজক’ এবং ‘ প্রাচ্য ও পাশ্চাত্য’- এদুটি এক বিখ্যাত মনীষীর রচনা। তাঁর নাম কী? ১X২ = ২
খ) রবীন্দ্রনাথ ঠাকুরের পরিবারিক জমিদারি পূর্ববঙ্গের কোন্ স্থানে ছিল?

---

## ENGLISH - Full Marks : 25

**1. Read the paragraphs and answer the following questions :-**

Last summer vacation, I visited my uncle's place at Simultala. I was bored during the afternoons. Every afternoon, my friends played football or cricket. But I never got a chance to play with them. I was not an important player to them. So I felt myself to be as insignificant as an ant.

One day a miracle happened!

One afternoon, my cousin came to me and said, “We’ll go to Burir Math today. We’ve a Kabadi match there. Last year’s winners from Motiganj are our opponents. So hurry, we must be there by 4 o’clock.”

**A. Write 'T' for the 'True' and 'F' for the 'False' statements :-** **1 X 2 =2**

a) At Simultala, the writer never felt bored. b) The Kabadi match will be held at Burir Math.

**B. Complete the following sentences with correct information from the passage :-** **1 X 3 =3**

a) The writer did not get chance to play with his friends because ............. b) The writer compared himself with ............. c) The players of the opponent team are coming .............to play at Burir Math

**C. Answer the following questions in complete sentence :-** **1 X 2 =2**

a) When did the writer visit his uncle's place? b) Why did the Cousin tell the writer to hurry?

**2. Answer the following questions in complete sentence :-** **1 X 4 = 4**

a) When do you wake up everyday ? b) In which season is Durga Puja held? c) What is your hobby?
d) In which district is Belur Math situated?

**3.** a) **Rewrite the sentence using Past Continuous Tense :-** **1**
He tries to help his friends.

b) **Fill in the blanks with articles / prepositions :-** **1 X 3 = 3**
Gogol visited Kolkata one summer .................... his parents. His cousins lived there.
................... warm relationship quickly developed .............................. the cousins.

c) **Make a sentence with the following word :- “together” -** **1**

d) **Rewrite the sentence changing the “Gender”** He is talking with his sisters. **1**

e) **Correct the mistakes in the following sentence :-** Man have two foots. **1**

**4.** a) **Translate into English :-** i) এখন তোমরা কোথায় যাচ্ছ? ii) গত বছর আমরা তৃতীয় শ্রেণিতে ছিলাম **1 X 2 =2**

b) **Translate into Bengali :-** I have not read the book. **1**

**5. Write 5 (Five) sentences on “What you do in the Sunday evenings”.** **4**

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২৪ ● পঞ্চম শ্রেণি

সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ প্রথম পত্র, বিষয় ঃ (বাংলা , ইংরাজী) পূর্ণমান - ৫০

## বাংলা ঃ - ২৫

১) **নিচের যেকোন পাঁচটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও ঃ**

ক) 'একবাড়ির মজা যথেষ্ট না, সুতরাং ঠিক হলো......... ।'- ছেলেমেয়েদের দলটা কী ঠিক করল? ১X ৫ = ৫

খ) যে ঘুড়িটি যতীনের মনে লাগত, সেটিকে সে কী করত? গ) 'শুকনা ফুলের কড়ি পড়ে ঝরিয়া ঝরিয়া' -কোন্ কবির লেখা কোন্ কবিতার পঙ্‌ক্তি এটি?

ঘ) 'ওরকম চোখ মানুষের হয় না!' - কাদের কীরকম চোখের কথা লেখক বলছেন?

ঙ) 'আমরা পাকোয়া নদীর কিনারায় পৌঁছোলাম।' - সেই নদীর ধারে কী দেখা গেল ? চ) 'বাঘাযতীন' - এর প্রকৃত নাম কী ছিল?

২) **নিচের কবিতাংশটিতে কবি যা বলতে চেয়েছেন, তা নিজের ভাষায় চার / পাঁচটি বাক্যের মধ্যে লেখ ঃ** ৪

" কৃষকের শিশু কিংবা রাজার কুমার, / সবারই রয়েছে কাজ, এ বিশ্বমাঝার,
হাতে প্রাণে, খাটো সবে, শক্তি করো দান, / তোমরা 'মানুষ' হলে, দেশের কল্যাণ।"

৩) **নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর পূর্ণবাক্যে দাও ঃ** ১X ৪ = ৪

নিবেদিতার সময়ে ভারতীয় সমাজ অত্যন্ত প্রাচীনপন্থী ছিল। অভিভাবকেরা বাড়ির মেয়েদের পড়াশোনার পক্ষপাতী ছিলেন না। বাগবাজারের পাড়ায় পাড়ায় ঘুরে নিবেদিতা ছাত্রী যোগাড় করতেন। মেয়েদের তিনি ইতিহাস, ভূগোল, প্রকৃতিবিজ্ঞান এবং কিছু কিছু ইংরাজী ভাষাও পড়াতেন। লেখাপড়ার সঙ্গে সঙ্গে সেলাই, ছবি আঁকা, হাতের কাজ শেখাতেন। স্কুলের মেয়েরা নিবেদিতার বড় আদরের ছিল। তিনি তাদের খাওয়াতে ভালোবাসতেন। আর্থিক অনটন তাঁর জীবনে লেগেই থাকত। স্কুলের খরচ চালাবার জন্য তিনি তাঁর লেখা থেকে যা আয় হত সমস্তই ব্যয় করতেন।

ক) নিবেদিতার সময়ে অভিভাবকেরা মেয়েদের পড়াশোনার পক্ষপাতী ছিলেন না কেন? খ) নিবেদিতা কীভাবে স্কুলের জন্য ছাত্রী যোগাড় করতেন?

গ) পড়াশোনা ছাড়া নিবেদিতার স্কুলে ছাত্রীরা কী কী শিখত? ঘ) নিবেদিতার স্কুলের খরচ চলত কীভাবে?

৪) নিচের বিষয়টি সম্পর্কে ১০টি বাক্যের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর ঃ **'একটি বৃষ্টির দিন'** ৫

৫) **ক) সন্ধি বিচ্ছেদ কর ঃ** যথোচিত, সদৈব **খ) 'সূর্য' শব্দটির দুটি প্রতিশব্দ লেখ ঃ** ২

**গ) 'ঘ'- কে মহাপ্রাণ ধ্বনি বলে কেন?** ১

**ঘ)** দুটি **'সংবৃত স্বরধ্বনির'** উল্লেখ কর। এদের এমন নাম হয়েছে কেন? ১+১=২

**ঙ) পদ পরিবর্তন কর** ঃ পর্ব বিস্মিত $\frac{1}{2}+\frac{1}{2}=$১

**চ)** একটি বাক্যের 'গৌণকর্ম' কীভাবে বার করা যায়? ১

## ENGLISH - Full Marks : 25

**1. Read the paragraph and answer the questions given below:**

There was a small village. A river flowed through the village. There was an old and narrow bridge. It helped the villagers to cross the river. The bridge was so narrow that only one person could cross the bridge at one time. One day two goats came on the bridge from opposite directions. Both of them wanted to cross the bridge before the other.

**A. Write 'T' for the 'True' and 'F' for the 'False' statements :** **1 X 2 =2**

a) The bridge was not very narrow. b) Two goats did not come from the same direction.

**B. Complete the following sentences with correct information from the text:** **1 X 2 =2**

a) The bridge over the river was....... and................. b) From opposite directions, one day .........

**C) Answer the following questions in complete sentence:** **1 X 2 =2**

a) How did the bridge help the villagers? b) What did both of the goats want to do?

**2. Answer the following questions in complete sentence:** **1 X 5 = 5**

a) What is your nationality ? b) Which day comes between Wednesday and Friday? c) What does a barber do?
d) What do you do with your ears? e) From which village did Sri Ramakrishnadev come to the Dakshineswar temple?

**3. a) Make sentence with the following word :** Visit - **1**

**b) Fill in the blanks with articles / prepositions :** **1 X 3 = 3**

When the teacher asked a student sitting ------------------------ the first bench to look -------------------- the blackboard, he obeyed ------------------ teacher.

**c) Rewrite changing the "Number" in the sentence :** We did not write these letters. **1**

**d) Rewrite the sentence changing the "Gender"** He is watching a tiger in the zoo. **1**

**4. A) Translate into English : a)** তারা কখন এখানে আসবে? **b)** আমার বাবা বাজারে গেছেন। **1 X 2 = 2**

**B) Translate into Bengali :** a) I go to school on foot. b) You did not give me your books. **1 X 2 = 2**

**5. Write 5 (Five) sentences on "Your English Book".** You may use the following hints. **4**

(name of the book ------------- lessons -----------stories and poems ---------------- how you like it.)

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম


ভিত্তি সমীক্ষা পত্র - ২০২৪ •পঞ্চম শ্রেণি• দ্বিতীয় পত্র, সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ

বিষয় ঃ (গণিত, পরিবেশ ও সাধারণ জ্ঞান)

## গণিত ঃ পূর্ণমান - ৩৫

**১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ** **১X ৬ = ৬**

ক) ৫৩ - এর পরবর্তী মৌলিক সংখ্যাটি কত? খ) ১,২,৪,৭ এই শ্রেণির পঞ্চম সংখ্যাটি কত? গ) ৭ মাস = ——— বছর

ঘ) গ.সা.গু - এর সম্পূর্ণ নাম কী? ঙ) রেখার মাত্রা কয়টি? চ)  চিত্রে মোট কতগুলি ত্রিভুজ আছে?

**২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ** **২+২+১+১+১+২ = ৯**

ক) ৮০ থেকে ৯০ এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলির গুণফল কত? খ) একটি বর্গক্ষেত্রের বাহুসংখ্যা ও কর্ণসংখ্যার অন্তরফল কত?

গ) i) একটি তলকে সীমাবদ্ধ করতে অন্তত — টি সরলরেখা প্রয়োজন ii) একটি সরলরেখার ওপর —— বিন্দু আছে।

ঘ) গ.সা.গু. নির্ণয় করো (উৎপাদকের সাহায্যে) ঃ ২৫, ২৮, ৩৩ ঙ) ৩ টাকা ৭ পয়সা = কত টাকা?

৩) ৪টি ব্ল্যাকবোর্ডের দাম ১৬৩২ টাকা হলে ৬টি ব্ল্যাকবোর্ডর দাম কত? ৩

৪) তোমার কাছে ৮ টাকা আছে। তুমি ২৫ পয়সা দামের ৮টা চকোলেট ও ৬ টাকা দামের ১টি কলম কিনলে। এখন তোমার কাছে কত টাকা আছে? ৩

৫) রাতুলবাবু তাঁর ৬ মাসের আয় দিয়ে ৭মাসের সংসার খরচ চালান। তাঁর মাসিক খরচ যদি ৪,৫০০ টাকা হয় তবে তাঁর মাসিক আয় কত এবং ১বছরে তাঁর কত সঞ্চয় হবে? ৪

**৬) সরল করো ঃ** ৫০ – [২৫ + ৩২ – {৪০ ÷ ১০ + (৩ × ৪ + ৩ + ৫) }] ৩

৭) বড়ো থেকে ছোটো সাজিয়ে লেখো ঃ $২\frac{৩}{৫}$ , $৩\frac{৩}{৮}$ , $৭\frac{৭}{১০}$ ৩

৮) ক) বৃত্তের সীমারেখাকে কি বলে? খ) সরল কোণ ও প্রবৃদ্ধ কোণ কাকে বলে? $১+১\frac{১}{২}+১\frac{১}{২}=৩$

## পরিবেশ ও সাধারণ জ্ঞান ঃ
## পূর্ণমান - ১৫

**১) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো ঃ** **১X ৩=৩**

ক) ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাসকে এককথায় কী বলা হয়? খ) ভারতের সবচেয়ে ছোটো রাজ্য কোনটি?

গ) পশ্চিমবঙ্গের রাজ্য পাখি কী ?

**২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ** **১X ৫=৫**

ক) আমাদের রাজ্যে কত রকমের ধান হয়? খ) জঙ্গলের অভাবে কী কমে যাবে? গ) মঙ্গল গ্রহের উপগ্রহের সংখ্যা কয়টি ?

ঘ) বৈদ্যুতিক বালব্ কে আবিষ্কার করেন? ঙ) কোন্ প্রাণীর চোখের পাতা নেই?

**৩) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ** **১X ৭=৭**

ক) চন্দ্রযান-৩ মিশনের রোভারটির নাম কী?

খ) শূন্যস্থানে সঠিক সংখ্যা বসাও ঃ ১, ৩, ৬, ১০, ........... গ) কোন ব্যক্তির জন্মদিনে জাতীয় যুবদিবস পালন করা হয় -

ঘ) অজিতবাবুর তিন মেয়ে। তাদের প্রত্যেকের একজন ভাই আছে। অজিতবাবুর মোট সন্তান সংখ্যা কটি ?

ঙ) সম্প্রতি ভারতের কোন লুপ্ত প্রাণীটিকে আবারও দেশে ফিরিয়ে আনা হয়েছে?

চ) ১কেজি লোহা ও ১কেজি তুলোর মধ্যে কোনটি ভারী?

ছ) মোবাইল ফোন কে আবিষ্কার করেন?

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২৩ ● পঞ্চম শ্রেণি ● সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ ● প্রথম পত্র, বিষয় ঃ (বাংলা , ইংরাজী) পূর্ণমান - ৫০

## বাংলা ঃ - ২৫

১) নীচের যেকোন <u>পাঁচটি</u> প্রশ্নের উত্তর দাও ঃ মোট ১x ৫ = ৫

ক) 'প্রকান্ড ঐরাবতের পাশের মতো।'- কী দেখে লেখকের এমন মনে হয়েছে? খ) 'দস্যি ছেলে জ্যোতি সারাদিন অপেক্ষা করে-' -কী জন্য সে অপেক্ষা করে? গ) 'দুঃখ দৈন্য সব নাশি, করো দূরিত ভারত লজ্জা'। -কার রচিত কোন্ গানের অংশ এটি? ঘ) 'আমার -আমার বড়ো ভয় করে।' - শম্ভু কী কী কারণে ভয়ের কথা তার পিসিকে জানিয়েছে? ঙ) 'এই পিংলা নদীতে দেখা যেত শুশুক।' - এরা নদীতে কী করত? চ) 'দু-চাকায় দুনিয়া' - রচনাটির লেখক কে? তিনি কত বছর বয়সে দুনিয়া ভ্রমণে বেরিয়েছিলেন?

২) নিচের কবিতাংশটির মূল বক্তব্য নিজের ভাষায় চার/পাঁচটি বাক্যের মধ্যে লেখ ঃ ৪

এই পৃথিবীর বিরাট খাতায় / পাঠ্য যে সব পাতায় পাতায় / শিখছি সে সব কৌতূহলে / সন্দেহ নেই মাত্র।

৩) নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর পূর্ণবাক্যে দাও ঃ ১x ৪ = ৪

রামকৃষ্ণ পরমহংসদেব দেহত্যাগ করলেন। যে সকল যুবক তাঁর কাছে আসতেন তাঁদের অনেকেই সংসার ত্যাগ করে বিবেকানন্দের সঙ্গে সন্ন্যাসী হলেন। বিবেকানন্দ তখন কিছুকাল তপস্যায় ও শাস্ত্রপাঠে মন ডুবিয়ে দিলেন। তারপর দন্ড কমন্ডলু হাতে পরিব্রাজক বেশে ভারতের তীর্থে তীর্থে, দেশে দেশে, নগরে নগরে, গ্রামে গ্রামে ভ্রমণ করলেন। হিমালয় থেকে কুমারিকা পর্যন্ত ভ্রমণ শেষ করে কন্যাকুমারীতে এক সন্ধ্যায় ভারতের শেষ পাথরখানার উপর তিনি যখন বসে ছিলেন, সারা ভারতের দুঃখ-দৈন্য, অভাব- অনাহার যেন মূর্তি ধরে তাঁর সামনে এসে দাঁড়াল।

ক) রামকৃষ্ণদেবের দেহত্যাগের পর যুবকভক্তরা কী করেছিলেন? খ) পরিব্রাজক বেশে বেরনোর আগে বিবেকানন্দ কী কাজ করেছিলেন? গ) পরিব্রাজক বিবেকানন্দ কোথায় কোথায় ভ্রমণ করেছিলেন? ঘ) কন্যাকুমারীতে এক সন্ধ্যায় বিবেকানন্দের কী অভিজ্ঞতা হয়েছিল?

৪) এ'বছরের দুর্গাপূজার চারদিন তুমি কীভাবে কাটিয়েছ, কেমন আনন্দ করেছ- এ'সব কথা জানিয়ে বন্ধুকে ১০টি বাক্যে একটি চিঠি লেখ ঃ ৫

৫) ক) 'পথ' শব্দটির দুটি প্রতিশব্দ লেখ ঃ খ) সন্ধি বিচ্ছেদ কর ঃ স্তাবক, গবাক্ষ গ) উষ্মধ্বনি কাকে বলে? দুটি উদাহরণ দাও। ৫
ঘ) পদ পরিবর্তন কর ঃ স্থির, আক্রমণ ঙ) রতন আমাকে চিঠি দিয়েছে। এই বাক্যটিতে কোন্‌টি মুখ্যকর্ম, কোন্‌টি গৌণকর্ম?
চ) লিঙ্গ পরিবর্তন কর ঃ সম্রাট, বিদূষী

## ENGLISH - Full Marks : 25

**1. Read the paragraph and answer the questions given below:**

Jhinuk lives with her mother in Alipurduar. It is a pretty city surrounded by distant hills. Jhinuk's father works in Kolkata. On some weekends, he comes to his home. During these visits, he tells her stories about Kolkata. Some of the stories amaze Jhinuk.

**A. Complete the following sentences with information from the text :** **1 X 3 =3**

a) Alipurduar is a pretty city which is ----------- b) Jhinuk's father comes to home --------------
c) Jhinuk hears stories ------------------ from her ------------------

**B. Answer the following questions in complete sentence:** **1 X 2 =2**

a) Who lives with Jhinuk in Alipurduar ? b) What amaze Jhinuk ?

**2. Answer the following questions in complete sentence:** **1 X 5 = 5**

a) In what name was Narendranath Dutta famous ? b) What colour is your hair?
c) In which district is Mahesh Sri Ramkrishna Ashram situated? d) Who started Viswabharati at Santiniketan? e) Which month will come after this month?

**3) Fill in the blanks with articles / prepositions :** **1 X 3 =3**

a) They sat down ------ the floormat. They talked ------- low voices. -------light in the room was dim.

**b) Rewrite the sentences using the tense (given in brackets) of the underlined verbs.** **1 X 2 =2**

i) They <u>write</u> letters (Past Continuous Tense) ii) He <u>washed</u> his hands (Present IndefiniteTense)

**c) Rewrite changing the 'Number' in the Sentence :** I read this book in school. **1**

**4. A) Translate into Bengali :** a) When can you do the work? b) Piku never quarrels with his friends. **1 X 2 =2**

**B) Translate into English :** a) আমরা এখন কী করছি ? b) তোমার ভাই এখানে দাঁড়িয়ে ছিল। **1 X 2 =2**

**5. Write 6 (six) sentences on 'Why we should plant more and more trees'.** **5**

**You may use the following hints.**

our friends ------ oxygen ----- flowers, fruit, vegetables ------- wood ------ help in rainfall ------ other benefits.

**b) Rewrite the sentences using the tense (given in brackets) of the underlined verbs.** **1 X 2 =2**

I) They <u>write</u> letters (Past Continuous Tense) ii) He <u>washed</u> his hands (Present IndefiniteTense)

**c) Rewrite changing the 'Number' in the Sentence :** I read this book in school. **1**

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২৩ ● পঞ্চম শ্রেণি ● সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ

দ্বিতীয় পত্র, বিষয় ঃ (গণিত, আমাদের পরিবেশ)

## গণিত ঃ পূর্ণমান - ৩৫

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১X ৬ = ৬

ক) $\frac{৩}{৫}$ এর তিনটি সমতুল ভগ্নাংশ লেখ = —— খ) দশমিক ভগ্নাংশে পরিণত করো ঃ $\frac{৬}{৫}$ ——

গ) ক = ২৭, খ = ৯, ক ÷ খ = কত? ঘ) সমবাহু ত্রিভূজের শীর্ষবিন্দুর সংখ্যা ______________ টি।

ঙ) চার অঙ্কের মোট সংখ্যা আছে —— টি। চ) ০ চিত্রটির নাম কী?

২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ

ক) মনোজকে পাঁচহাজার তিন লিখতে বলা হল। সে ৫০০০৩ লিখলো। সে কত বেশী বা কম লিখলো? ২

খ) শূন্যস্থান পূরণ করো ঃ i) রম্বসের চারটি বাহু পরস্পর —— ii) দুই সমকোণ অপেক্ষা বড়ো কোণকে —— বলে। ১ x ২=২

গ) এক ডজন বিস্কুটের দাম ৬০ টাকা হলে, ১টি বিস্কুটের দাম কত?

ঘ) i) ৪০% কে দশমিক ভগ্নাংশে পরিণত করো। ii) শূন্য - এর অন্যোন্যক -এর মান কত? ১

ঙ) —— ঘরের অঙ্কের স্থানীয় মান ও প্রকৃত মান সমান। ১

৩) ক) একটি ঘড়ি ১১২ টাকায় বিক্রি করলে ১২ টাকা ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে ১২ টাকা লাভ হবে? ৩

খ) সরল করো ঃ ৪০ —[১০ ÷{২০— ৩ x (৭ — ২)}] ৩

গ) ত্রিভুজ কাকে বলে? বাহুভেদে ত্রিভুজ কত প্রকার ও কী কী? ৩

ঘ) একটি ভাগ অঙ্কের ভাজক=১৯, ভাগফল = ভাজকের দ্বিগুণ অপেক্ষা ২ বেশী। ভাগশেষ =১১ হলে, ভাজ্য কত হবে নির্ণয় করো। ৩

ঙ) একটি আয়তক্ষেত্রের বাহুগুলির যোগফল ৬০ মিটার। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = ২০ মিটার হলে, প্রস্থ কত? ৩

চ) ১২ ডজন কলার দাম ৫৭৬ টাকা হলে, ৪ জোড়া কলার দাম কত হবে? ৩

ছ) i) দশ লক্ষকে সংখ্যায় লিখতে কটি শূন্য দরকার? ii) ৯,০,৭,৮ - এর গড় মান কত? ২

---

## আমাদের পরিবেশ ঃ পূর্ণমান - ১৫

১) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো ঃ ১X ৫=৫

ক) কোন দেশে প্রথম ইতিহাস লেখা শুরু হয়? খ) মেগাস্থিনিস কে ছিলেন? গ) গুপ্তযুগে কোন চীনা পর্যটক ভারতে আসেন?

ঘ) গ্রিকরা কাকে আকাশের দেবতা বলে ভাবতো? ঙ) ভারতের সবচেয়ে প্রাচীন বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছিল কোথায়?

২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১X ৫=৫

ক) এই রাজ্যের দুইটি অর্থকরী ফসলের নাম লেখো। খ) পশ্চিমবঙ্গের কোথায় লোহা ও ইস্পাত তৈরীর কারখানা আছে?

গ) মালভূমি কাকে বলে? ঘ) আমাদের দেশ কোন মহাদেশে অবস্থিত? ঙ) আমাদের রাজ্যে কত প্রকার ধান উৎপন্ন হয় ও কী কী?

৩) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১X ৫=৫

ক) রক্তের রং লাল কেন? খ) কোন গ্যাস স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর? গ) পৃথিবীতে শক্তির মূল উৎস কী ?

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২২ • পঞ্চম শ্রেণি • সময় ঃ ৪৫ মিঃ • প্রথম পত্র, বিষয় ঃ (বাংলা, ইংরাজী) পূর্ণমান - ৩০

বাংলা ঃ -১৫ (পূর্ণমান)

১) পূর্ণবাক্যে নিচের যেকোন দুইটি প্রশ্নের উত্তর দাও - ১ X ২ = ২

ক) "ছোটোকাকা বলল,'ভালো নাম দিয়েছো। মায়াদ্বীপই বটে। মাঝে - মাঝে অদৃশ্য হয়ে যায়।"
- মায়াদ্বীপ 'মাঝে মাঝে অদৃশ্য হয়ে যায়' বলতে কী বোঝানো হয়েছে?

খ) 'স্তব্ধ ব্রহ্মপুত্রের বুকের উপর সন্ধ্যা নেমে এল।' - এই সময় পূর্ব এবং পশ্চিম আকাশে কী কী দেখা যায়?

গ) 'হাতিটা কিন্তু আমাদের দিকে এল না ...' - তার বদলে হাতিটা কী করল?

২) নিচে একটি কবিতার স্তবক দেওয়া আছে। এখানে কবি কী বোঝাতে চেয়েছেন, ৩
নিজের ভাষায় বুঝিয়ে লেখো ঃ বিশ্বজোড়া পাঠশালা মোর,
সবার আমি ছাত্র,
নানান ভাবের নতুন জিনিস
শিখছি দিবারাত্র।
এই পৃথিবীর বিরাট খাতায়
পাঠ্য যে সব পাতায় পাতায়
শিখছি সে সব কৌতূহলে
সন্দেহ নাই মাত্র।

৩) ক) শব্দযুগলের অর্থপার্থক্য দেখাও - বান / বাণ ১

খ) সন্ধিবিচ্ছেদ কর ঃ (যে কোন দুটির) - শোকার্ত, প্রতীক্ষা, গবেষণা ১ X২ = ২

গ) নিচের বাক্যটি থেকে কর্তা ও কর্ম চিহ্নিত কর ঃ ½+½=১
'তিনি অনেক কম বয়স থেকেই কবিতা লেখেন।'
কর্তা - কর্ম -

ঘ) পদ পরিবর্তন কর ঃ ভূগোল, স্থানীয় ঙ) বিপরীত শব্দ লেখো ঃ দ্রুত, সূচনা ½+½=১

৪) বিশ্বজুড়ে চলতে থাকা করোনা অতিমারীর কারণে দীর্ঘদিন তোমরা বিদ্যালয় যেতে পারোনি। ৪
বিদ্যালয়ে না যেতে পারার জন্য তোমার মনে যে অনুভূতি হয়েছে, তা ৫০টি শব্দের মধ্যে গুছিয়ে লেখো।

## ENGLISH - 15

**1. Answer the following questions in complete sentence. ( Any three)** **1 X 3 = 3**

**a) Which famous person was born at Jorasanko in Calcutta?**

**b) In which district is the Belur Math situated' ? c) How many days are there in November?**

**d) Which class will you be in the next year ?**

2. a) **He are now go to office.** (There are mistakes in the sentence. Write it correctly) : **1**

b) **I draw a picture.** (Change into 'plural' number and rewrite the sentence). **1**

**c) Choose correct words from the list and use them in the blanks in their Adverb forms :** **1 X 2 = 2**
(One is extra in the list)

I) He wrote the answer --------------------------- and got full marks.

ii) The boy replied ----------------------------- and everyone was pleased.
( List - polite, home, correct) **1**

d) Make sentence with the following word :
**Remember**

**3. A) Translate into English : (Any Two)** **1 X 2 =2**

I) তুমি চিৎকার করছ কেন? ii) গতকাল আমি বাজারে গিয়েছিলাম।

III) আমার দাদা আমাকে একটি গল্পের বই দেবে।

B) Translate into Bengali : **Kolkata is the capital of West Bengal.** **1 X 1 = 1**

**4. Write five sentences on any one of the following :** **4**

a) How you spend your evenings b) The National Flag of India c) Your best friend.

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২২ ● পঞ্চম শ্রেণি ● সময় ঃ ৪৫ মিঃ ● দ্বিতীয় পত্র, বিষয় ঃ (গণিত, সাধারণ জ্ঞান) পূর্ণমান - ৩০

## গণিত ঃ - ২৫ (পূর্ণমান)

১) নিচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১ x৬ = ৬

ক) কোন সংখ্যাটি মৌলিকও নয়, যৌগিকও নয়?

খ) সত্য না মিথ্যা উল্লেখ করো- ৫এর গুণিতক নির্দিষ্ট।

গ) একটি ইটের কতগুলো ধার আছে?

ঘ) টোপর আকৃতির ঘনবস্তুর নাম- অ) গোলক আ) ঘনক ই) শঙ্কু ঈ) চোঙ

ঙ) ১৫.৫১ টাকা = কত টাকা কত পয়সা

চ) ০.০৫ - এর অর্থ হল অ) সমান ১০০০ ভাগের ৫ ভাগ আ) সমান ১০০ ভাগের ৫ ভাগ ই) সমান ৫ ভাগের ১০০ ভাগ ঈ) কোনটিই নয়

২) নিচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ

ক) পাঁচটি বই এর দাম যথাক্রমে ২৩, ৩৮, ২৭, ৩৫ ও ২২ টাকা। বইগুলির গড় দাম কত? ২

খ) শূন্যস্থান পূরণ করো- i) ৬ এর বর্গ + [ ] এর বর্গ = ১০ এর বর্গ। ১ + ১ = ২

ii) আয়তাকার চিত্রের [ ] = দৈর্ঘ্য + প্রস্থ

গ) বৃত্তকলা বলতে কী বোঝায়? ২

ঘ) কোণ ভেদে ত্রিভুজ কয়প্রকার ও কী কী ? ১ + ১ = ২

ঙ) নীচের বিবৃতিগুলি সত্য না মিথ্যা লেখো -

অ) উৎপাদন সংখ্যা স্থির থাকলে, মেশিন সংখ্যা ও দিনসংখ্যা পরস্পর সরল সম্পর্ক। ১ + ১ = ২

আ) ঐকিক নিয়মের সমাধানে বাস্তব সংখ্যাগুলিতে কমপক্ষে ৩টি জ্ঞাত থাকে।

৩) নীচের প্রশ্নগুলির উত্তর দাও -

ক) একটি শিক্ষণ ক্যাম্পে ২৫০ জন শিক্ষার্থী গিয়েছে। তাদের ২৮ দিনের জন্য খাদ্য মজুদ আছে। শিবির চলার ১৭ দিন পর আরও ২৫ জন নতুন শিক্ষার্থী ক্যাম্পে এল। এখন ঐ খাবারে তাদের কতদিন চলবে? ৩

খ) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১৬ ফুট ও প্রস্থ ১৪ ফুট। ইহার পরিসীমা একটি বর্গক্ষেত্রের পরিসীমার সমান। বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? ৩

গ) ৭টি গোরুর মূল্য ৪২টি ভেড়ার মূল্যের সমান। যদি ৩৬টি ভেড়ার দাম ১৯৮০০ টাকা হয়, তবে ১৫টি গোরুর মূল্য কত? ৩

---

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২২, শ্রেণি - পঞ্চম, বিষয় - সাধারণ জ্ঞান, পূর্ণমান - ০৫

---

১) স্টিম ইঞ্জিন যিনি আবিষ্কার করেন তাঁর বাড়ি কোথায় ছিল?

২) শীতকালে ব্যাঙ কী করে?

৩) আমাদের রাজ্যে কত রকম ধান উৎপন্ন হয় ও কী কী?

৪) গ্রিকদের পাতালের দেবতার নাম কী?

৫) কোন রক্তকণিকা জীবাণুদের ধ্বংস করে?

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২১ • পঞ্চম শ্রেণি • সময় : ৪৫ মি: • প্রশ্ন পত্র, বিষয় : (বাংলা, ইংরাজী) পূর্ণমান - ৩০

## বাংলা : -১৫ (পূর্ণমান)

---

১) নিচের যে কোন দুটি উত্তর দাও : (পূর্ণবাক্যে) ক) কবি জীবনানন্দ দাশের মা -ও ছিলেন একজন কবি, তাঁর নাম কী?

খ) 'এই ধলেশ্বরী পাড়ি দেওয়াই এক বিষম আতঙ্কের ব্যাপার'। - এই নদী পাড়ি দেওয়ার সময় বড়ো মাঝি কী কী করে?

গ) নতুন চটি পায়ে দিয়ে যতীন প্রথম দিন কী ধরণের সাবধানতা নিয়েছিল? 1 X2 = 2

২) নিচের কবিতাটিতে কবি কী বলতে চেয়েছেন, নিজের ভাষায় বুঝিয়ে লেখো : 3

বহু দিন ধরে বহু ক্রোশ দুরে
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে
দেখিতে গিয়েছি পর্বতমালা,
দেখিতে গিয়েছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শিষের উপর
একটি শিশিরবিন্দু।

৩) পাঠ্য বিষয়গুলির মধ্যে কোন্‌টি তোমার সবথেকে বেশী পড়তে ভাল লাগে এবং কেন ভাল লাগে - চার /পাঁচটি বাক্যের মধ্যে তা লেখ। 3

৪) সন্ধি বিচ্ছেদ কর : (যেকোন দুটির) পাবক, নয়ন, বনৌষধি 2

৫) ক) আশ্রয়স্থানভাগী বর্ণ কোন্‌গুলি? এদের এরকম নামকরণ করার কারণ কী? 2

খ) মহাপ্রাণ ধ্বনি বলতে কী বোঝ? উদাহরণ দিয়ে লেখো। 2

গ) পদ পরিবর্তন কর : দূর, গম্ভীর 1

---

## ENGLISH - 15

**1. Answer the following questions in complete sentence. ( Any three)** **1 X 3 = 3**

a) In which village was Sri Ramkrishna Dev born?

b) Who is known as ' Deshbandhu' ?

c) Which season comes after Winter?

d) Which month comes in between July and September ?

2. a) Change the **'Number'** of: **1 X 2 =2**

Thief ........................................................ We ..................................................

b) Write the **'Opposite words'** **1 X 2 =2**

Wet ........................................................ Pull ..................................................

c) Change the **'Gender'** **$\frac{1}{2}$X 2 = 1**

Nephew ........................................................ Aunt ..................................................

**3. a) Translate into English : (Any Two)** **1 X 2 =2**

১. আমি এই বইটি পড়েছি। ২. ওখানে কে দাঁড়িয়ে আছে? ৩. সে আমাকে চেনে।

b) Translate into Bengali : **A mild sound woke him up** **1 X 1 = 1**

**4. Write five sentences on any one of the following :** **4**

a) Your Parents b) Sister Nivedita c) Your Daily Routine

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২১ ● পঞ্চম শ্রেণি ● সময় ঃ ৪৫ মিঃ ● দ্বিতীয় পত্র, বিষয় ঃ (গণিত, সাধারণ জ্ঞান) পূর্ণমান - ৩০

গণিত ঃ - ২৫ (পূর্ণমান)

---

১) নিচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ 1 X5 = 5

ক) $১ \div \frac{১}{১০}$ = ☐

খ) মোট পরিমাণের $\frac{৪}{৭}$ অংশ নিয়ে নিলে কত অংশ বাকি থাকবে? ☐

গ) ১, ২, ৪, ৭ - এই শ্রেণির পঞ্চম সংখ্যাটি কত? ঘ) কোন নির্দিষ্ট বৃত্তে কোনটির মান নির্দিষ্ট নয়? ☐

অ) ব্যাস, আ) পরিধি ই) জ্যা ঈ) ব্যাসার্ধ ☐

ঙ) বিয়োজন কাকে বলে?

২) নিচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ

ক) ✱ চিহ্নিত স্থানে সঠিক চিহ্ন বসাও ঃ ১৮ ✱ ১২+ ৮ ✱ ১৪ = ০ 2

খ) ১) পূর্বদিক এবং দক্ষিণ পশ্চিম দিকের মধ্যবর্তী কোণটি হল- অ) সূক্ষ্মকোণ, আ) স্থূলকোণ, গ) সমকোণ, ঈ) সরলকোণ 1

২) অর্ধগোলকের তল সংখ্যা কত? 1

গ) $\frac{৩}{৪} \div \frac{২}{৩}$ এর $\frac{১}{৯}$ = কত?

ঘ) $৭\frac{৪}{৫}$ কেজি চিনির দাম ২৩৪ টাকা হলে ১ কেজি চিনির দাম কত? 2

৩) ক) একটি ঘরের প্রস্থ ৪৮ মিটার ও পরিসীমা ২৪০ মিটার। ৪ মিটার বাহু বিশিষ্ট বর্গাকার পাথর দিয়ে ঐ ঘরের মেঝে বাঁধাতে কতগুলি পাথর লাগবে? 3

খ) ৮০টি বিস্কুট এবং ৯৬টি লজেন্স সবচেয়ে বেশী কতজন ছাত্রছাত্রীর মধ্যে ভাগ করে দেওয়া যাবে? প্রত্যেক ছাত্রছাত্রী কয়টি করে বিস্কুট ও কয়টি করে লজেন্স পাবে? 3

গ) ৪৯৮ সংখ্যাটিতে ৯ এর স্থানীয় মান এবং প্রকৃত মানের পার্থক্য নির্ণয় করো? 2

ঘ) এক ব্যবসায়ী ৬২ কিগ্রা ৭২৫ গ্রাম আসাম চা এর সঙ্গে ৩৭ কিগ্রা ২ হেগ্রা ৭ ডেকাগ্রা ৫ গ্রাম দার্জিলিং চা মেশাতে গিয়ে ০.৪ কিগ্রা চা নষ্ট করলেন। বাকী চা ৪৮ টি ঠোঙায় সমানভাগে রাখলেন। প্রতি ঠোঙায় কত কেজি চা ছিল? 4

---

## সাধারণ জ্ঞান

পূর্ণমান ১ x৫ = ৫

১) কোন্ পশুর এক পাটি দাঁত আছে?

২) তরাই অঞ্চল বলতে কোন অঞ্চলকে বোঝায়?

৩) পৃথিবীর কোন্ মহাদেশে মরুভূমি নেই?

৪) বাংলা কোন্ দেশের রাষ্ট্রভাষা?

৫) সূর্যগ্রহণের সময় কার ছায়া কার উপর পড়ে?

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২০ ● পঞ্চম শ্রেণি সময় ঃ ১ ঘঃ ৩০ মিঃ
প্রথম পত্র, বিষয় ঃ (বাংলা , ইংরাজী) পূর্ণমান - ৫০

| বিষয় | প্রাপ্তমান |
| --- | --- |
| বাংলা | |
| ইংরাজী | |

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৩ X ১ = ৩
ক) 'হাতকড়ি বানিয়ে দাদা আমাকে ধরে নিয়ে চলল।'- এই হাতকড়ি কীভাবে বানানো হয়েছিলো ? খ) কথক মালগাড়ি হতে চায় কেন ?
গ) কোন বৃত্তান্ত শুনে জ্যোতির ভীষণ রাগ এবং দুঃখ হয় ?
২) নির্দেশ অনুসারে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৭X ১ = ৭
ক) 'শরণাগত' - এই শব্দটি দিয়ে একটি বাক্য রচনা করো। খ) সন্ধিবিচ্ছেদ করো - কথামৃত গ) আশ্রয়স্থানভাগী বর্ণ কোনগুলি ?
ঘ) অবণী মোহিতকে ছাতাটি দিল - কোন পদটি মুখ্যকর্ম দেখাও। ঙ) নীচের বর্ণগুলি যুক্ত করে সার্থক শব্দ তৈরী কর -
(উদাহরণ ঙ + গ = ঙগ = রঙ্গ) ১) হ + ণ = ২) ঞ + ঝ = চ) প্রতিশব্দ লেখো (দুটি) ঃ সমুদ্র
৩) সাধারণ জ্ঞানের প্রশ্ন ঃ ৭X১ = ৭
ক) শ্রী 'রামকৃষ্ণ কথামৃত' - কার রচনা ? খ) শ্রীরামকৃষ্ণদেবের অন্যতম শিষ্য 'ভক্তভৈরব' কাকে বলা হয় ?
গ) নজরুল ইসলামের জন্মভূমির নাম কী ? ঘ) ভারতের বর্তমান রাষ্ট্রপতির নাম কী ? ঙ) চন্দ্রযান-২ এর ল্যান্ডারের নাম কী ?
৪) এলোমেলো শব্দগুলোকে সাজিয়ে বাক্য গঠন কর ঃ ১X ৫ = ৫
ক) বনে ভাই ওরে লেগেছে বনে ফাগুন খ) বড়বাবু শান্ত হেড বেজায় অফিসের লোকটি গ) কোকিলের আকাশ কুহু কুহু মুখরিত বাতাস রব করে।
ঘ) দায়িত্ব করেন সংসারে পালন সমস্ত তিনি ঙ) যাদের তারা পৃথিবীতে নেই মা সত্যই দুঃখী
৫) নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৫X ১ = ৫
মহাত্মা রাজা রামমোহন রায়ের সহিত হেয়ারের পরিচয় হয় ও আত্মীয়তা জন্মে। দুই বন্ধুতে সর্বদা এই কথাবার্তা হইত যে, এদেশের বালকদিগের ইংরেজি শিক্ষার উপায় না করিলে চলিতেছে না। ক্রমে তাঁহাদের পরামর্শ কাজে দাঁড়াইলো। ১৮১৭ সালে রামমোহন রায় ওহেয়ারের উদ্যোগে ও তখনকার সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি স্যার হাইড ইস্ট সাহেবের সহায়তায় এদেশের বালকদের ইংরেজি শিক্ষার জন্য হিন্দু - স্কুল খোলা হইল। তদবধি হেয়ার আর সকল কাজ ছাড়িয়া এই কাজে লাগিয়া গেলেন। এতদ্ভিন্ন তিনি কলকাতার স্থানে স্থানে অনেকগুলি স্কুল খুলিলেন এবং একটা সভা স্থাপন করিয়া স্কুলপাঠ্য পুস্তকসকল প্রকাশ করাইতে লাগিলেন। সংক্ষেপে বলিতে গেলে হেয়ার বাংলাদেশে ইংরেজি শিক্ষার পিতা।
ক) দুই বন্ধু কে কে ? খ) তাদের পরামর্শটা কী ছিল ? গ) 'সুপ্রিম কোর্ট' ভারতবর্ষের কোথায় অবস্থিত ?
ঘ) তিনি কোন উদ্দেশ্যে একটা সভা স্থাপন করেছিলেন ? ঙ) বাংলাদেশে ইংরেজি শিক্ষার জনক কাকে বলা যায় ?
৬) (কমবেশী ১০টি বাক্যে) নীচের বিষয়টি অবলম্বনে অনুচ্ছেদ লেখ ঃ ৫
কনভেন্ট স্কুলে না পড়ে রামকৃষ্ণ মিশন স্কুলে ভর্ত্তি হয়ে পড়াশুনা করতে চাও কেন ?

## ENGLISH - Full Marks : 20

**1. Read the passage below and answer the following question:**
After a while, Lipi hears someone calling her name. It is Sujoy, her classmate. He has come to the fair with his father. He is elated to see Lipi. He buys a doll from Mansur uncle's shop. He also buys the mask of a tiger from Lipi's father. Lipi looks around the fair. She sees the huge merry-go - round. People riding it are shouting in joy. Close by, a puppet show is about to start.
**a). Answer the questions in complete sentences: 1 X 2 =2**
I) Whom does Lipi hear calling her name? II) What are the people riding the merry-go- round doing ?
**b). Complete the following sentences with correct information from the passage:1 X 2 =2**
I) From Mansur uncle;s shop, Sujoy --------------------------------------
II) Near the merry-go-round, Lipi sees that ------------------------------
**2.** a) Make a sentence with the word **'Lonely' 1 X 4 =4**
b) Rearrange the words to make a sentence : **to close he hut the came.**
c) Write the opposite word of **'Friend' :** d) Write the English meaning of the word : **'Anxious'**
**3. Answer the questions in complete sentences :1 X2 = 2**
I) How do you go to your school ? ii) What does a carpenter do ?
**4. Answer as directed : 1 X 2 = 2**
a) There is ....................................... university .............................. our town.
( Put correct article / preposition in the gaps)
b) It ............................................................ (rain) since morning today.
(Use the correct form of the verb given in the bracket and complete the sentence.)
**5. A. Translate into English :1 X 2 =2**
a) আমি অনেকগুলি গল্পের বই পড়েছি। b) তারা কি আগামীকাল এখানে আসবে ?
**5. B. Translate into Bengali : 1 X 2 = 2**
**a)** We get water from many sources. **b)** This incident took place in Hooghly.
**6.** Write a few sentences on **a picnic you enjoyed very much.** Write in about 50 words. **4**

# মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র - ২০২০, পঞ্চম শ্রেণি দ্বিতীয় পত্র, বিষয় ঃ (গণিত, আমাদের পরিবেশ) পূর্ণমান - ৫০ গণিত ঃ (পূর্ণমান - ৩৫)

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ **১x ৬=৬**

ক) ৮৫ পয়সার $\frac{৩}{১৭}$ অংশ = কত পয়সা খ) দশমিক বিন্দুর বামদিকের সংখ্যাটি হলো ? গ) ঘনকের সমতল অংশকে ------ বলে।
ঘ) সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ গড়মান ৪.৫, এককের সংখ্যা ১৮ হলে মান সমষ্টি হবে ১) ৮.১ ২) ৮১ ৩) ০.৮১ ৪) ৮১০
ঙ) ২ এর মধ্যে $\frac{১}{৪}$ কতবার আছে? চ) ঘড়িতে যখন ৯ টা বাজে তখন ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্ত্তী কোনের মান কত?

**২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ২x ৬=১২**

ক) চার অঙ্কের বৃহত্তম জোড় সংখ্যাটির অর্দ্ধেক কত? খ) বিয়োগ করো ঃ ৩০ লিটার — ১২ লিটার ২৫০ মিলিলিটার
গ) ৫৩৮ লিটার কেরোসিন তেল ৫টি ড্রামে সমানভাগে রাখা হয়েছে। প্রতি ড্রামে তেলের পরিমান কত হবে?
ঘ) লগিষ্ট আকারে পরিনত করো ঃ $\frac{১১৭}{২৭৩}$
ঙ) ১) বৃত্তের পরিধি একটি ------ রেখা। ২) সমদ্বিবাহু ট্রাপিজিয়ামের ------ বাহুদুটি পরস্পর সমান) ১২ ও ১৬ - এর বর্গের সমষ্টি কত?

৩) একটি আয়তাকার মাঠের ক্ষেত্রফল ১২০০ বর্গমিটার এবং মাঠটির দৈর্ঘ্য ৪০মিটার। মাঠটির পরিসীমা কত? ৩

৪) ৭৫ গ্রাম জলের সাথে ১৫ গ্রাম সিরাপ মিশিয়ে একপ্রকার সরবত তৈরী করা হলো। এরূপ ৩৬০ গ্রাম সরবতে সিরাপের পরিমান কত? ৩

৫) একটি দেওয়াল ঘড়িতে ১০টা বাজতে ১০ সেকেন্ড সময় লাগলে ৬ টার ঘন্টা বাজতে কত সময় লাগবে? ৪

৬) সরল করো ঃ $১ + [ ১ + \{ ১ + (১ + \frac{১}{২}) \} ] - (৪ + \frac{১}{২})$ ৩

৭) একটি খুঁটির $\frac{৩}{৫}$ অংশ কাদায়, $\frac{১}{১০}$ অংশ জলের ভিতরে এবং ৯ মিটার জলের উপর আছে। খুঁটিটি কত লম্বা? যদি খুঁটিটির মাথার দিকে ২ মিটার কেটে বাদ দিই, তবে খুঁটিটির কত অংশ জলের উপরে থাকবে? ৩+১

## আমাদের পরিবেশ ঃ পূর্ণমান - ১০

১) সঠিক উত্তরটি বেছে নিয়ে পাশের ফাঁকা ঘরে লেখো ঃ $\frac{১}{২}$x ৪=২
ক) ভাত কী ধরণের খাদ্য? ১) শাকসবজি ২) ফল ৩) দানাশস্য ৪) ফুল
খ) টুসু পরব কোন মাসে হয়? ১) আষাঢ় মাসে ২) পৌষ মাসে ৩) কার্ত্তিক মাসে ৪) বৈশাখ মাসে
গ) ব্রতচারী গ্রাম কোলকাতার কোথায় আছে? ১) বালীগঞ্জে ২) বরানগরে ৩) ঠাকুরপুকুরে ৪) যাদবপুরে
ঘ) আরাবারি জঙ্গল কোথায় অবস্থিত? ১) পুরুলিয়া ২) বীরভূম ৩) মেদিনীপুর ৪) বাঁকুড়া


২) নিম্নলিখিত প্রশ্নগুলির পূর্ণবাক্যে উত্তর লেখো ঃ ১x ৪ = ৪
ক) পশ্চিমবঙ্গে লেপচা মিউজিয়াম কোথায় অবস্থিত? খ) মফলং পবিত্র বনভুমিতে কোন গাছের প্রাচুর্যের জন্য সূর্যের আলো ঢোকে না? গ) বাতাসের কোন্ উপাদানের পরিমান বৃদ্ধির জন্য বাতাসের আদ্রতার পরিমান বৃদ্ধি পায়?
ঘ) ভারতের কোন রাজ্যে আজও মা পরিবারের প্রধান ?

৩) সঠিক উত্তরের নীচে দাগ দাও ঃ $\frac{১}{২}$ x ৪=২
ক) সুনীতা উইলিয়ামসন ছিলেন একজন a) পর্বতারোহী b) টেনিসপ্লেয়ার c) নভশ্চর d) সাঁতার
খ ) আদিম মানুষেরা গুহার ভিতরে কাঠ খড়কুটো ছাড়াও কী জ্বালিয়ে আলোকিত করতো?
a) পশুর চর্বি b) পেট্রল c) কেরোসিন d) ডিজেল
গ) নৌকা চালানো ছাদপেটা, মাছধরা এসব কাজগুলোর সঙ্গে যে গান গাওয়া হয় তাকে বলে -
a) বাউলগান b) ঝুমুরগান c) সারিগান d) গম্ভীরা
ঘ) শিবের গাজন উৎসবটি কোন্ সময় অনুষ্ঠিত হয়? a) চৈত্র সংক্রান্তিতে b) মকর সংক্রান্তিতে c) বাংলা নববর্ষে d) ২৫ শে বৈশাখে
৪) খাদ্য ও খাদক সম্পর্ক অনুযায়ী নিম্নলিখিত ফাঁকা ঘর পূরণ কর ঃ ১ x ২ = ২

ক) ঘাস → ঘাসফড়িং → [ ] → সাপ) জলের শ্যাওলা → [ ] → মাছরাঙা

## প্রজ্ঞা-প্রবণতা ঃ পূর্ণমান - ৫


১) ? চিহ্নিতস্থানে সঠিক সংখ্যাটি নির্বাচন করো ঃ




২) যদি **D = ÷ , E = X, F = —** হয় তবে **D(87 D 29) E 50 F 50 = ?**

৩) প্রদত্ত চারটি ফলের মধ্যে কোন ফলের সঙ্গে যুক্ত তার তলায় দাগ দাও






৪) ফাঁকা জায়গায় প্রদত্ত চারটি হাড়ের নাম থেকে সঠিক নামটি বেছে লেখ ঃ
ক) কনুই থেকে কব্জি [আলনা ও রেডিয়াস] খ) কাঁধ থেকে কনুই ১) ভার্টিব্রা ২) ফিমার ৩) হিউমেরাস ৪) টিবিয়া - ফিবুলা
৫) 'আলফানসো' - শব্দটি নিম্নে প্রদত্ত চারটি ফলের মধ্যে কোন ফলের সঙ্গে যুক্ত তার তলায় দাগ দাও ক) তরমুজ খ) আনারস গ) আম ঘ) বেদানা